বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।

ফোন : ৯৫৫৭৯৮৮
পিএবিএক্স : ৯৫৬০০২১-২২
৯৫৬০০৩১-৩৫
(এক্সটেনশন-৩৪৪)
E-mail : dgmpid@krishibank.org.bd

প্রজেক্ট ক্রেডিট বিভাগ

পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং- ১২/২০১৭ তারিখ ঃ ১৬/০৭/২০১৭

সকল মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা
সকল উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ প্রানি সম্পদ (পোল্ট্রি/গরু মোটাতাজাকরণ ও গাভী ক্রয়) ও নবায়নযোগ্য জ্বালানী ও পরিবেশ বান্ধব অর্থায়নযোগ্য খাতে বেসরকারী প্রতিষ্ঠান এরোলাইট বায়োগ্যাস লিঃ এর তৈরী বায়োগ্যাস প্ল্যান্ট স্থাপনে ঋণ মঞ্জুর প্রসঙ্গে।

এরোলাইট বায়োগ্যাস লিঃ এর আবেদনের প্রেক্ষিতে ২৪/০৪/২০১৭ তারিখে অনুষ্ঠিত বাংলাদেশ কৃষি ব্যাংক, পরিচালনা পর্ষদের ৬৮৪তম সভায় ব্যাংকের প্রাণিসম্পদ (পোল্ট্রি/গরু মোটাতাজাকরণ ও গাভী ক্রয়) ও নবায়নযোগ্য জ্বালানী এবং পরিবেশ বান্ধব বায়োগ্যাস খাতে আগ্রহী ঋণ গ্রহীতা/গ্রাহকগণ কর্তৃক (যারা ঋণ সুবিধা ভোগ করেছেন বা করবেন) এরোলাইট বায়োগ্যাস লিঃ এর সারা দেশে (রাজশাহী ও রংপুর বিভাগ ব্যতিত) অবস্থিত শাখা অফিসে যোগাযোগ করে উক্ত প্রতিষ্ঠানের কারিগরি সহায়তা নিয়ে ঋণের প্রস্তাব করা হলে নিম্নবর্ণিত শর্তে ঋণ মঞ্জুরীর প্রস্তাব অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয় ঃ

(ক) যে সমস্ত ঋণ গ্রহীতা পোল্ট্রি/গরু মোটাতাজাকরণ/গাভী পালন খাতে জামানতের বিপরীতে মধ্যম মেয়াদী ঋণ সুবিধা ভোগ করেছেন এবং গৃহিত ঋণের কিস্তি নিয়মিত পরিশোধ করছেন তাদের জামানতী সম্পত্তির এমসিএল মূল্য আবৃত করে (বন্ধকীকৃত জামানত সম্পত্তির এমসিএল মূল্যে কুশন থাকলে) ঋণ সুবিধা পাবে ;

(খ) উপরোক্ত খাতে নতুন ঋণ গ্রহণে আগ্রহী ঋণ গ্রহীতাগণ প্রয়োজনীয় জামানত প্রদান সাপেক্ষে ঋণ সুবিধা ভোগ করতে পারবেন ;

(গ) এ ঋণের মেয়াদ ৬(ছয়) মাস গ্রেস পিরিয়ডসহ সর্বোচ্চ ৩(তিন) বছর অর্থাৎ গ্রেস পিরিয়ডের পর ১০টি ত্রৈমাসিক কিস্তিতে সুদাসলে আদায়যোগ্য এবং ঋণের সুদের হার কৃষি ঋণের ন্যায় ১০% হবে;

(ঘ) মঞ্জুরী ক্ষমতা ঃ বাংলাদেশ কৃষি ব্যাংক পর্ষদ সচিবালয় বিভাগ এর ০১-০২-২০১৬ তারিখের পরিপত্র নং পসবি-০১/২০১৬ এর মেয়াদী ঋণ সংশ্লিষ্ট '৯' নং ক্রমিকে বর্ণিত ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা ও ব্যবসায়িক ক্ষমতা সীমার অতিরিক্ত দৈনিক ২.০০ ঘন মিটার বায়োগ্যাস উৎপাদন ক্ষমতা সম্বলিত বায়োগ্যাস প্ল্যান্টের যন্ত্রপাতি ও স্থাপনা ব্যয়সহ মোট ৩০,০০০/-(ত্রিশ হাজার) টাকা করে বর্ধিত ব্যবসায়িক ক্ষমতায় ঋণ মঞ্জুর করা যাবে।

পোল্ট্রি/গরু মোটাতাজাকরণ/গাভীপালনসহ ১(এক) ইউনিট বায়োগ্যাস প্ল্যান্ট ক্রয় ও স্থাপনের ব্যয়সহ মোট ঋণ মঞ্জুরি ক্ষমতা হবে নিম্নরূপ ঃ

( লক্ষ টাকায় )

| ঋণের ধরণ | ঋণের খাত | ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা ও ব্যবসায়িক ক্ষমতা | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | সংশ্লিষ্ট উপ-ব্যবস্থাপনা পরিচালক | মহাব্যবস্থাপক বিভাগীয় কার্যালয়/ স্থানীয় মুখ্য কার্যালয় | উপমহাব্যবস্থাপক বিভাগীয় কার্যালয়/এলপিও/ মুখ্য আঃ কার্যালয় | আঞ্চলিক ব্যবস্থাপক | শাখা ব্যবস্থাপক/ সমব্য/উমুক | শাখা ব্যবস্থাপক (মুঃ কঃ) | শাখা ব্যবস্থাপক (উঃ কঃ) |
| মধ্যম মেয়াদী | গাভী পালন/ হাঁস মুরগী পালন/ছাগল পালন/ গরু মোটাতাজাকরণ/ মিশ্র খামার/ হাঁসের খামার+ বায়োগ্যাস প্ল্যান্ট | ৭০.০০<br>+০.৩০*<br>৭০.৩০ | ৬০.০০<br>+০.৩০*<br>৬০.৩০ | ৩০.০০<br>+০.৩০*<br>৩০.৩০ | ১০.০০<br>+০.৩০*<br>১০.৩০ | ১.০০<br>+০.৩০<br>১.৩০ | ১.০০<br>+০.৩০<br>১.৩০ | ০.৮০<br>+০.৩০<br>১.১০ |

* আঞ্চলিক ব্যবস্থাপক ও তদুর্ধ ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তাগণ ঋণ গ্রহীতা/গ্রাহকের প্রয়োজনে একাধিক বায়োগ্যাস প্ল্যান্ট ক্রয় ও স্থাপনে ব্যয়ের বিপরীতে বর্ধিত ঋণ মঞ্জুর করতে পারেবেন।

(ঙ) পরিবেশ বান্ধব ও গ্রিন ব্যাংকিং খাতে প্রদত্ত বাজেট হতে এ ঋণ মঞ্জুরী করা যাবে;

(চ) এরোলাইট বায়োগ্যাস লিঃ কর্তৃক সর্বাধুনিক প্রযুক্তিতে ৬ ফুট ব্যাস ও ৭ ফুট উচ্চতা বিশিষ্ট ফাইবার গ্লাস দ্বারা তৈরী বায়োগ্যাস প্ল্যান্ট স্থাপনের পাশাপাশি নিম্নলিখিত সহায়তাসমূহ প্রদান করবে ঃ

(১) ঋণ গ্রহীতাদের মাঝে মাত্র ৩০,০০০/-(ত্রিশ হাজার) টাকায় দৈনিক ২.০০ ঘন মিটার গ্যাস উৎপাদন ক্ষমতা সম্বলিত বায়োগ্যাস প্ল্যান্ট (অন্যান্য যন্ত্রপাতি ও নির্মাণ ব্যয়সহ) স্থাপন করা ;

(২) প্রতি কেজি স্লারী কমপক্ষে ৫/-টাকা মূল্যে ঋণ গ্রহীতাদের নিকট থেকে ক্রয় করা ;

(৩) প্ল্যান্ট নির্মাণে সুপারভিশন ও ডিজাইন প্রদান ;

(৪) প্ল্যান্ট নির্মাণ পরবর্তী ৪(চার) বছর বিনামূল্যে সেবা প্রদান ;

(৫) বায়োগ্যাস ব্যবহার ও বৈজ্ঞানিক উপায়ে গরুমোটাতাজাকরণ এর উপর প্রশিক্ষন প্রদান ;

(৬) প্রত্যেক গ্রাহককে বায়োগ্যাস ব্যবহার বিধি ও বই এবং লিফলেট প্রদান ;

(৭) খামারিদের মধ্যে উন্নত জাতের ঘাসের বীজ বিনামূল্যে প্রদান ;

(৮) নামমাত্র মূল্যে উন্নত জাতের সিমেন দ্বারা কৃত্রিম প্রজননে সহায়তা প্রদান ;

(৯) জৈব সার, গ্যাস ব্যবহার ও বাজারজাতকরণে সহায়তা প্রদান ।

(ছ) বায়োগ্যাস প্ল্যান্ট স্থাপনের কাজ সম্পন্ন হওয়ার পর ঋণ গ্রহীতাকে এরোলাইট বায়োগ্যাস লিমিটেড কর্তৃক প্রত্যয়ন দিতে হবে এবং প্রত্যয়নপত্রটি ঋণ নথিতে সংরক্ষণ করতে হবে। প্রত্যয়নপত্র প্রাপ্তির পর বায়োগ্যাসের জন্য মঞ্জুরীকৃত ঋণ বিতরণযোগ্য হবে।

(জ) বাংলাদেশ কৃষি ব্যাংক কর্তৃক প্রদত্ত ঋণ আদায়ের জন্য বেসরকারী সংস্থা এরোলাইট বায়োগ্যাস লিঃ এর নিকট হতে নিশ্চয়তা পত্র এবং ব্যাংকের সাথে সম্পাদিত যৌথ সমঝোতা স্মারক মোতাবেক বর্ণিত কার্যাবলী সম্পাদন করতে হবে;

(ঝ) বায়োগ্যাস প্রকল্পে এরোলাইট বায়োগ্যাস লিঃ এর কার্যক্রমগুলোর বিপরীতে ব্যাংকের পক্ষ হতে তাদেরকে কোন সম্মানী প্রদান করা হবে না এবং ঋণ গ্রহীতার পক্ষ থেকে প্ল্যান্ট স্থাপন ব্যয় ব্যতিত অন্য কোন সম্মানী প্রদান করা হবে না ;

(ঞ) স্লারি বিক্রয়লব্ধ অর্থ ঋণগ্রহীতাকে সরাসরি সংশ্লিষ্ট ঋণ হিসাবে সমন্বয় করা;

(ট) <u>অন্যান্য শর্তাবলী ঃ</u>
ঋণের আবেদন ফরম, মূল্যায়ন ও তল্লাশী ফি, জামানতি সম্পত্তি বন্ধকী গ্রহণ, ঋণের দলিলায়ন সম্পাদন ও যাচাই, ঋণ বিতরণ ও সদ্ব্যবহার যাচাই,তদারকিকরণ ও ঋণ আদায় ইত্যাদি মধ্যমমেয়াদী বন্ধকী ঋণের জন্য প্রচলিত ও বিদ্যমান সকল শর্তাবলী যথারীতি প্রযোজ্য হবে।

০২। এছাড়াও, বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয়ের সাসটেইনেবল ফাইনান্স ডিপার্টমেন্টের মার্চ ১৬, ২০১৭ তারিখে এসএফডি সার্কুলার নং-০৩ এর নির্দেশনা যথাযথভাবে পরিপালন নিশ্চিতকরণ পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, নবায়নযোগ্য জ্বালানী ও পরিবেশ বান্ধব অর্থায়নযোগ্য খাতে বেসরকারী প্রতিষ্ঠান এরোলাইট বায়োগ্যাস লিঃ এর তৈরী বায়োগ্যাস প্ল্যান্ট স্থাপনে ঋণ মঞ্জুরীর বিষয়ে উপরোক্ত বিষয়াদি অন্তর্ভূক্ত করে ব্যাংকের সাথে একটি সমঝোতা স্বারক সম্পাদন করা হয়েছে।

আপনার বিশ্বস্ত,
২৩/০৭/২০১৭
(ঠাকুর দাস কুন্ডু)
মহাব্যবস্থাপক
পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ

বিকেবি-প্রকা/প্রক্রেবি-৩(৭৯)অংশ-৩/২০১৭-১৮/ ২৭(১২০০)
তারিখ ঃ ঐ

<u>সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ</u>

০১। চিফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর-১,২ ও ৩, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। সকল উপমহাব্যবস্থাপক/সচিব, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৫। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৬। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৭। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৮। নথি/মহানথি।

২৩/০৭/২০১৭
(প্রকৌঃ মনীন্দ্র চন্দ্র মন্ডল)
উপমহাব্যবস্থাপক